

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭১২(আগরতলা, ১৪।১১)
জিরানীয়া, ১৪ নভেম্বর, ২০১৭

জিরানীয়ায় বিজ্ঞান সম্মত শৌচালয় নির্মাণ

জিরানীয়া ব্লকের ১৩টি গ্রাম পঞ্চায়েত ও ৬টি এডিসি ভিলেজে এম জি এন রেগায় ১৪৭৪টি দুগ্ধ পরিবারকে বিজ্ঞান সম্মত শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। স্বচ্ছ ভারত মিশন স্কীমেও ১৫০টি পরিবারকে শৌচালয় নির্মাণ করে দেওয়ার কাজ চলছে। সম্প্রতি জিরানীয়া পঞ্চায়েত সমিতির সভাকক্ষে অনুষ্ঠিত জিরানীয়া পঞ্চায়েত সমিতি ও ব্লক উপদেষ্টা কমিটির যৌথ সাধারণ সভায় এ তথ্য জানান বিডিও অরিন্দম দাস। তিনি আরও জানান, চলতি অর্থবছরে ব্লকের ১২৮৪টি পরিবারকে স্বচ্ছ ভারত মিশন স্কীমে এবং ১০২৬টি পরিবারকে এম জি এন রেগায় শৌচালয় নির্মাণের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। এছাড়া, গত বছরে ব্লকের ৬৪টি পরিবারকে প্রধানমন্ত্রী আবাস যোজনায় গৃহ নির্মাণ করে দেওয়া হয়েছে। চলতি অর্থ বছরে এই প্রকল্পে আরও ৫টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। সভায় সি ডি পি ও জানান, বর্তমান সময় পর্যন্ত জিরানীয়া ব্লকের ৪৮৮৫ জন বিভিন্ন স্কীমে সামাজিক ভাতা পাচ্ছেন। এরমধ্যে নতুন ভাতা প্রাপক রয়েছেন ২৭৯ জন। ভাতার জন্য নতুন ৮৬৫টি আবেদনপত্র জমা পড়েছে। তিনি আরও জানান, ব্লকের ১৩০টি অঙ্গনওয়াড়ী কেন্দ্রের মাধ্যমে ৩৬৫০ জন শিশু, ৩৮১ জন সন্তান সম্ভবা মহিলা, ৯১২ জন প্রসূতী মা স্বাস্থ্য ও পুষ্টিকর খাবারের সুবিধা পাচ্ছে। সভায় জিরানীয়া কৃষি মহকুমা তত্ত্বাবধায়ক জানান, চলতি অর্থ বছরের গত জুন মাসের বন্যায় মহকুমার ৩৮৯টি কৃষক পরিবারের জমি ও ফসলের ক্ষতি হয়েছে। এই পরিবারগুলিকে ৪ লক্ষ ২৪ হাজার ৩৯৫ টাকার সার দেওয়া হয়েছে। আগষ্ট মাসের বন্যায় ব্লকের ১৩১৮টি কৃষক পরিবারের জমির ফসল নষ্ট হয়েছে। এই পরিবারগুলির মধ্যেও সার বিতরণের কাজ চলছে। তিনি জানান, ব্লকের ২৫ হেক্টর শীতকালীন সব্জী চাষ করা হচ্ছে। ৮ হেক্টরে টি পি এস আলু বীজ চাষ হবে। এছাড়া, ১৪টি পাওয়ারটিলার কৃষকদের ভর্তুকীতে দেওয়া হবে। কৃষকদের কৃষি ক্রেডিট কার্ড করার বিষয়েও সভায় গুরুত্বারোপ করা হয়। সভায় উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সঞ্জয় দাস, সদস্য অনুকুল চন্দ্র দাস, জিরানীয়া বি এ সি'র চেয়ারম্যান রঞ্জিত দেববর্মা, জিরানীয়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান কালীপদ চক্রবর্তী, বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের প্রধানগণ, ভিলেজের চেয়ারম্যানগণ সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ। সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দেবনাথ।
